গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

এবং

সচিব, খাদ্য মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০২১ – জুন ৩০, ২০২২

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব | ৬ |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | ৭-৮ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১০ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১১-১২ |
| সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১৩ |
| সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ | |
| সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ | |
| সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ | |
| সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ | |
| সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ | |

## বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Bangladesh Food Safety Authority)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অজর্নসমূহ:**

নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে এ পর্যন্ত ৩টি বিধিমালা এবং ০৯টি প্রবিধানমালা প্রণয়ন করা হয়েছে। কর্তৃপক্ষ কর্তৃক ৯ম গ্রেডে ৯৫ জন কর্মকর্তা, ১৩-১৬ গ্রেডের ৮৯ জন এবং আউটসোর্সিং এর মাধ্যমে ১২৩ জন কর্মচারি নিয়োগ দেওয়া হয়েছে। ইতোমধ্যে ৬৪টি জেলায় বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তার কার্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। জাপান সরকারের পক্ষে জাইকার সাথে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সক্ষমতা বৃদ্ধিতে জাপানী সহযোগিতার বিষয়ে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। মুজিববর্ষকে সামনে রেখে সারা দেশে কোভিড-১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে খাদ্যের নিরাপদতা শীর্ষক উপজেলা পর্যায়ে ৩৬৩ টি সেমিনার, ৬০ টি ক্যারাভান রোড শো ও জেলা পর্যায়ে ১৯ টি সভা/সেমিনারের আয়োজন করা হয়েছে। এছাড়াও পাবলিক মিটিং, ভিডিও প্রদর্শন, মাইকিং, লিফলেট ও প্যাম্পলেট বিতরণ ইত্যাদি প্রচারমূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। বিএফএসএ কর্তৃক এ পর্যন্ত জেলা পর্যায়ে ৯৪৭৫ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। ২০১৯ সালে চারটি ক্যাটাগরিতে ৫৭ টি হোটেল ও রেস্তোরাকে এবং ২০২০ সালে ৩০টি সহ মোট ৮৭টি হোটেল ও রেস্তোরাঁকে গ্রেডিং প্রদান করা হয় এবং গ্রেডিংপ্রাপ্ত এসব হোটেল রেস্তোরাসমূহকে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। অ্যাপস ভিত্তিক হোটেল-রেঁস্তোরা কার্যক্রম ডিজিটাল মনিটরিং এর লক্ষ্যে প্রাথমিকভাবে ২টি হোটেল'-কে ''নজর'' অ্যাপস এর আওতায় আনা হয়েছে । খাদ্য পণ্যের গুণগতমান ও নিরাপদতা নিশ্চিতকরণের জন্য ২০২০-২১ অর্থবছরে সুপারশপ-এ ডিজিটাল তাপমাত্রা ডাটালগারের ব্যবহার পাইলটিং করা হয়েছে এবং নিরাপদ খাদ্য বিষয়ে জনগণের অভিযোগ ও পরামর্শ গ্রহণের জন্য হটলাইন সেবা ৩৩৩ চালু করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

২০২৬ সালের মধ্যে খাদ্যের নিরাপদতা রক্ষায় সংশ্লিষ্ট জনবলের দক্ষতা উন্নয়ন, ২০২৮ সালের মধ্যে খাদ্যে ভেজাল ও দূষণ নিরসনে আন্তঃসংস্থা সমন্বয়ের মাধ্যমে প্রতিরোধ ও প্রতিকারমূলক নিরাপদ খাদ্যব্যবস্থাপনা বাস্তবায়ন। ২০৩০ সালের মধ্যে ঝুঁকিভিত্তিক খাদ্যপরিদর্শন, ফুড টেস্টিং ল্যাবরেটরিসমূহের অ্যাক্রেডিটেশন অর্জন এবং নিরাপদ খাদ্যব্যবস্থাপনা বাস্তবায়নে উৎকৃষ্ট পদ্ধতিসমূহ প্রয়োগ ও প্রবর্তন।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

২০৩০ সালের মধ্যে ঝুঁকিভিত্তিক খাদ্যপরিদর্শন, পরিবীক্ষণ ব্যবস্থা চালু করা, খাদ্য পরিদর্শন ও পরীবিক্ষণ ব্যবস্থায় মোবাইল ল্যাবরেটরির সেবা চালুর মাধ্যমে প্রাথমিকভাবে খাদ্যের বিপত্তি চিহ্নিত করা এবং ঝুঁকি নিরুপণ করা। ২০২৫ সালের মধ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের আওতায় একটি নিরাপদ খাদ্য রেফারেন্স গবেষণাগার স্থাপনের প্রকল্প গ্রহণ করা।

**২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- "নিরাপদ খাদ্য আইন, ২০১৩'' এর সংশোধনী প্রণয়ন এবং সাংগঠনিক কাঠামো পুনর্গঠনের উদ্যোগ গ্রহণ করা;
- ০১ টি খাদ্য সংশ্লিষ্ট গাইড লাইন প্রণয়ন;
- ১০০০০ টি খাদ্যস্থাপনা ও বাজার পরিদর্শন এবং ১২০০টি খাদ্য নমুনা পরীক্ষাকরণ;
- নিরাপদ খাদ্য বিষয়ক ৩০ টি জনসচেতনতামূলক সভা/সেমিনার আয়োজন;
- ১১০টি খাদ্য ভেজাল ও দূষণ বিরোধী অভিযান পরিচালনা;
- ২টি সংস্থার সাথে সমঝোতা স্মারক/ সেবাদান চুক্তি সম্পাদন;
- টিভিসি এবং কমিউনিটি রেডিও এর মাধ্যমে জনসচেতনতামূলক অনুষ্ঠান সম্প্রচার ;

# প্রস্তাবনা

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

এবং

সচিব, খাদ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ২৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১:

## রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প:

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় সকলের জন্য নিরাপদ খাদ্য।

### ১.২ অভিলক্ষ্য:

নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার সাথে জড়িত সংশ্লিষ্ট সকল সংস্থা, খাদ্যশিল্প ও খাদ্য ব্যবসায়ী এবং সুশীল সমাজের সহযোগিতায় যথাযথ বিজ্ঞানভিত্তিক বিধি-বিধান তৈরি ও কার্যকর প্রয়োগ এবং খাদ্য শৃঙ্খল পরিবীক্ষণ ও ব্যবস্থাপনার সাথে নিয়োজিত সংস্থাসমূহের কার্যক্রম ফলপ্রসূভাবে সমন্বয়ের মাধ্যমে জীবন ও স্বাস্থ্য সুরক্ষা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্রে:

### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্রে:

১. খাদ্যনীতি কৌশল ও ব্যবস্থাপনায় প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ
২. নিরাপদ খাদ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা বৃদ্ধি
৩. নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে প্রতিরোধমূলক কার্যক্রম

### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত)

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি:

১. নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিতকরণে খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিক্রয় সংশ্লিষ্ট কার্যক্রম নিয়ন্ত্রণ ও পরিবীক্ষণ;
২. খাদ্য ব্যবসার ক্ষেত্রে নিরাপদ খাদ্য সনদের জন্য সনদ প্রদানকারী সংস্থাসমূহকে সহযোগিতা প্রদান;
৩. খাদ্য পরীক্ষাগার এ্যাক্রেডিটেশনের জন্য সংশ্লিষ্ট সংস্থাকে সহযোগিতা প্রদান;
৪. আমদানিতব্য খাদ্যদ্রব্যের মানদন্ড ও পরীক্ষণ পদ্ধতি নির্ধারণের জন্য সংশ্লিষ্ট সংস্থাকে সহযোগিতা প্রদান;
৫. খাদ্য ও পুষ্টি নিরাপত্তা বিষয়ক নীতিমালা বা বিধিমালা প্রণয়ন এবং বিদ্যমান নীতিমালা বা বিধিমালা সংশোধন বা হালনাগাদকরণে সরকারকে প্রয়োজনীয় বৈজ্ঞানিক পরামর্শ ও কারিগরি সহায়তা প্রদান ।

## সেকশন ২

## বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত প্রভাব

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | ভিত্তি বছর | প্রকৃত অর্জন* | লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| নিরাপদ খাদ্য ও পুষ্টি পরিস্থিতির উন্নতি | খাদ্যে ভেজাল হ্রাস | % | ৯.৪০ | ৯.৩০ | ৯.২০ | ৯.১০ | ৯.০০ | কৃষি মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ |
| | অপুষ্টির হার | % | ১৫.২০ | ১৪.৮০ | ১৪.৬০ | ১৪.৫০ | ১৪.৪০ | কৃষি মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | এফপিএমইউ |

# সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা, ২০২১-২০২২

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান ৭০ | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | ভিত্তি বছর | প্রকৃত অর্জন* | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপন ২০২২-২৩ | প্রক্ষেপন ২০২৩-২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ** (বিধি/আইন দ্বারা নির্ধারিত দায়িত্ব অনুযায়ী, সর্বোচ্চ ৫টি) | | | | | | | | | | | | | | | |
| [১] খাদ্যনীতি কৌশল ও ব্যবস্থাপনায় প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ২৫ | [১.১] "নিরাপদ খাদ্য আইন, ২০১৩" এর সংশোধনী প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরণ | প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরিত | তারিখ | তারিখ | ৪ | -- | -- | ৩০/০৪/২০২২ | ১৫/০৫/২০২২ | ৩০/০৫/২০২২ | -- | -- | | |
| | | [১.২] সাংগঠনিক কাঠামো পুনর্গঠনের প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরণ | প্রস্তাবনা প্রেরিত | তারিখ | তারিখ | ৪ | -- | -- | ৩০/০৪/২০২২ | ১৫/০৫/২০২২ | ৩০/০৫/২০২২ | -- | -- | | |
| | | [১.৩] নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট একটি গাইডলাইন প্রণয়ন | গাইডলাইন প্রণীত | সমষ্টি | সংখ্যা | ৪ | -- | -- | ১ | -- | -- | -- | -- | ১ | ১ |
| | | [১.৪] জাতীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা উপদেষ্টা পরিষদের সভা। | অনুষ্ঠিত সভা | সমষ্টি | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | -- | -- | -- | ২ | ২ |
| | | [১.৫] কেন্দ্রীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা | অনুষ্ঠিত সভা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১ | ১ | ২ | ২ | -- | -- | -- | ৩ | ৩ |
| | | [১.৬] কেন্দ্রীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | শতকরা হার | % | ১ | -- | -- | ৩৫% | ৩০% | ২৫% | | | | |
| | | [১.৭] Ministry for Primary Industries (MPI) of New Zealand এবং বিসেফ ফাউন্ডেশন এর সাথে আন্তঃসংস্থা সমন্বয় | স্বাক্ষরিত MoU | সমষ্টি | সংখ্যা | ৪ | ২ | ১ | ২ | ১ | -- | -- | -- | ২ | ৩ |
| | | [১.৮] কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণ | সমষ্টি | জন ঘণ্টা | ৩ | -- | -- | ৬০ | ৫০ | ৪০ | ৩৫ | ৩০ | ৬০ | ৬০ |
| | | [১.৯] নিয়োগ ও পদোন্নতি | শূন্য পদের বিপরীতে নিয়োগ ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা | শতকরা হার | % | ১ | -- | -- | ৫০% | ৪০% | | | | | |
| [২] নিরাপদ খাদ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা বৃদ্ধি | ২৩ | [২.১] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণপ্রাপ্ত ব্যবসায়ী | সমষ্টি | সংখ্যা | ৫ | ৩০৩ | ৩২০ | ১৬০০ | ১০০০ | ৭৮০ | ৫৫০ | ২২০ | ২৪০০ | ২৪০০ |
| | | [২.২] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক সেমিনার | সেমিনার অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ৫ | ২১ | ২২ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ১০ | ৩৫ | ৪০ |
| | | [২.৩] নিরাপদ খাদ্য বিষয়ে গৃহিনীদের সাথে সচেতনতামূলক উঠান বৈঠক | সচেতনতামূলক বৈঠক আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৩ | -- | -- | ১২ | ১০ | ৮ | ৬ | -- | ১৫ | ১৫ |

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | [২.৪ ] নিরাপদ খাদ্য বিষয়ে টিভিসির মাধ্যমে প্রচার | প্রচারকৃত | সমষ্টি | মিনিট | ৪ | -- | -- | ২০০ | ১৮০ | ১৬০ | ১৪০ | ১২০ | ২৩০ | ২৫০ |
| | | [২.৫] নিরাপদ খাদ্য বিষয়ে বেতার/ কমিউনিটি রেডিও এর মাধ্যমে প্রচার | প্রচারকৃত | সমষ্টি | মিনিট | ৩ | -- | -- | ৩০০ | ২০০ | ১৮০ | ১৬০ | ১৫০ | ৩৫০ | ৩৮০ |
| | | [২.৬] বস্তি ও পিছিয়ে পড়া এলাকায় /অভিভাবক ও শিক্ষার্থী সমন্বয়ে নিরাপদ খাদ্য ও পুষ্টি বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি | কর্মসূচি অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ৩ | -- | -- | ৮ | ৬ | ৫ | ৪ | ৩ | ১০ | ১০ |
| [৩] নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে প্রতিরোধমূলক কার্যক্রম | ২২ | [৩.১] খাদ্যের নমুনা পরীক্ষা | নমুনা পরিক্ষীত | সমষ্টি | সংখ্যা | ৩ | | ২২০০ | ১২০০ | ১১০০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ১৫০০ | ১৫০০ |
| | | [৩.২] দেশব্যাপী খাদ্যস্থাপনা ও বাজার মনিটরিং এবং পরিদর্শন | হোটেল রেস্তোরা মনিটরিংকৃত | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৪৬৭২ | ১৫০০০ | ১২০০০ | ১১০০০ | ১০০০০ | ৮০০০ | ৬০০০ | ১৩০০০ | ১৪০০০ |
| | | [৩.৩] নজর অ্যাপস ভিত্তিক ডিজিটাল মনিটরিং সম্প্রসারণ | মনিটরিং সম্প্রসারিত | সমষ্টি | সংখ্যা | ২ | -- | -- | ৬ | ৫ | ৪ | ৩ | -- | ৮ | ১০ |
| | | [৩.৪] মোবাইল ল্যাবরেটরি ভ্যান এর মাধ্যমে খাদ্যস্থাপনা ও বাজার মনিটরিং এবং নমুনা পরীক্ষা | মোবাইল ল্যাবরেটরি ভ্যান এর মাধ্যমে খাদ্যস্থাপনা ও বাজার মনিটরিংকৃত এবং নমুনা পরিক্ষীত | সমষ্টি | সংখ্যা | ২ | -- | -- | ২৪ | ২০ | ১৬ | ১২ | -- | ২৮ | ৩২ |
| | | [৩.৫] নতুন হোটেল রেস্তোরা গ্রেডিং প্রদান | নতুন হোটেল রেস্তোরা গ্রেডিংকৃত | সমষ্টি | সংখ্যা | ৩ | ৮৭ | ৩০ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | -- | ৩৫ | ৪০ |
| | | [৩.৬] গ্রেডিংকৃত হোটেল রেস্তোরা পুনঃমূল্যায়ন | গ্রেডিংকৃত হোটেল রেস্তোরা পুনঃমূল্যায়ন | সমষ্টি | সংখ্যা | ৩ | -- | ৩০ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৪৫ | ৫০ |
| | | [৩.৭] খাদ্য সংরক্ষণাগার /হিমাগার পরিদর্শন | পরিদর্শনকৃত | সমষ্টি | সংখ্যা | ২ | -- | -- | ৬ | ৫ | ৪ | ৩ | -- | ৮ | ৮ |
| | | [৩.৮] মোবাইল কোর্ট পরিচালনা | পরিচালিত মোবাইল কোর্ট | সমষ্টি | সংখ্যা | ৪ | ১৩৪ | ১৬০ | ১১০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ১২০ | ১৩০ |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) | | | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৪ | | | | | | | | | |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, খাদ্য মন্ত্রণালয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, খাদ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৮/০৫/২০২১

..........................................

চেয়ারম্যান,
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

তারিখ

২৮/০৫/২০২১

..........................................

সচিব
খাদ্য মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১:
## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ Acronyms | বিবরণ |
|---|---|---|
| ১ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব ষ্ট্যাটিসটিকস্ |
| ২ | আইপিএইচ | ইন্সটিটিউট অব পাবলিক হেলথ |
| ৩ | এমওইউ | মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যাডিং |
| ৪ | এফএও | ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেশন |
| ৫ | এফপিএমইউ | ফুড প্লানিং এন্ড মনিটরিং ইউনিট |

## সংযোজনী-২:
## কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| ১ | "নিরাপদ খাদ্য আইন, ২০১৩" এর সংশোধনী প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরণ | প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরিত | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটি | কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রতিবেদন |
| ২ | সাংগঠনিক কাঠামো পুনর্গঠনের প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরণ | প্রস্তাবনা প্রেরিত | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটি | কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রতিবেদন |
| ৩ | নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট গাইডলাইন প্রণয়ন | গাইডলাইন প্রণীত | পরিচালক (প্রয়োগ ও প্রতিপালন) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | খাদ্যমন্ত্রণালয়ে দাখিলকৃত প্রতিবেদন |
| ৪ | জাতীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা উপদেষ্টা পরিষদের সভা | সভা অনুষ্ঠিত | সচিব এর দপ্তর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সভার কার্যবিবরণী |
| ৫ | কেন্দ্রীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা | সভা অনুষ্ঠিত | সচিব এর দপ্তর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সভার কার্যবিবরণী |
| ৬ | কেন্দ্রীয় নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | সচিব এর দপ্তর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের কাগজপত্রাদি |
| ৭ | আন্তঃসংস্থা সমন্বয় | স্বাক্ষরিত সমঝোতা স্মারক | সচিব এর দপ্তর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সমঝোতা স্মারকের স্বাক্ষরিত কপি |
| ৮ | কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণ | সচিব এর দপ্তর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | প্রশিক্ষণের নোটিশ ও হাজিরা |
| ৯ | নিয়োগ ও পদোন্নতি | শূন্য পদের বিপরীতে নিয়োগ ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা | সচিব এর দপ্তর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | নিয়োগ বিজ্ঞপ্তি, গেজেট ও যোগদানপত্র |
| ১০ | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে খাদ্য ব্যবসায়ীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণপ্রাপ্ত ব্যবসায়ী | সচিব এর দপ্তর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | প্রশিক্ষণের নোটিশ ও হাজিরা |
| ১১ | নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক সেমিনার/ আলোচনা সভা | সেমিনার/ আলোচনা সভা অনুষ্ঠিত | পরিচালক (ঝুঁকি) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সভার নোটিশ, রিপোর্ট, হাজিরা ও ছবি |
| ১২ | নিরাপদ খাদ্য বিষয়ে গৃহিনীদের সাথে সচেতনতামূলক উঠান বৈঠক/ আলোচনা সভা | সচেতনতামূলক উঠান বৈঠক/ সভা আয়োজিত | পরিচালক (ঝুঁকি) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | সভার নোটিশ, হাজিরা ও ছবি |
| ১৩ | টিভিসির মাধ্যমে প্রচার | প্রচারকৃত | পরিচালক (ঝুঁকি) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | টিভিসি প্রচারের নোটিশ ও সময়সূচী |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | বেতার/ কমিউনিটি রেডিও এর মাধ্যমে প্রচার | প্রচারকৃত | পরিচালক (ঝুঁকি) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | প্রচারের নোটিশ ও সময়সূচী |
| ১৫ | বস্তি ও পিছিয়ে পড়া এলাকায় /অভিভাবক ও শিক্ষার্থী সমন্বয়ে নিরাপদ খাদ্য ও পুষ্টি বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি | কর্মসূচি অনুষ্ঠিত | পরিচালক (ঝুঁকি) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | নোটিশ, হাজিরা ও ছবি |
| ১৬ | খাদ্যের নমুনা পরীক্ষা | নমুনা পরিক্ষীত | পরিচালক (ল্যাব নেটওয়ার্ক) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | নমুনা পরীক্ষার প্রতিবেদন |
| ১৭ | দেশব্যাপী খাদ্যস্থাপনা মনিটরিং ও বাজার পরিদর্শন | হোটেল রেস্তোরা মনিটরিংকৃত | পরিচালক (প্রয়োগ ও প্রতিপালন) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | মনিটরিং ও বাজার পরিদর্শনের প্রতিবেদন |
| ১৮ | অ্যাপস ভিত্তিক ডিজিটাল মনিটরিং সম্প্রসারণ | মনিটরিং সম্প্রসারিত | পরিচালক (ঝুঁকি) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | মনিটরিং এর প্রতিবেদন |
| ১৯ | মোবাইল ল্যাবরেটরি ভ্যান এর মাধ্যমে খাদ্যস্থাপনা ও বাজার মনিটরিং এবং নমুনা পরীক্ষা | মোবাইল ল্যাবরেটরি ভ্যান এর মাধ্যমে খাদ্যস্থাপনা ও বাজার মনিটরিংকৃত এবং নমুনা পরিক্ষীত | পরিচালক (প্রয়োগ ও প্রতিপালন) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | মনিটরিং ও নমুনা পরীক্ষার প্রতিবেদন |
| ২০ | হোটেল রেস্তোরা গ্রেডিং প্রদান | নতুন হোটেল রেস্তোরা গ্রেডিংকৃত | পরিচালক (প্রয়োগ ও প্রতিপালন) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | গ্রেডিংএর প্রতিবেদন |
| ২১ | গ্রেডিংকৃত হোটেল রেস্তোরা পুন:মূল্যায়ন | গত বছরের গ্রেডিংকৃত হোটেল রেস্তোরা পুন:মূল্যায়ন | পরিচালক (প্রয়োগ ও প্রতিপালন) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | পুন:মূল্যায়ন এর প্রতিবেদন |
| ২২ | খাদ্য সংরক্ষণাগার /হিমাগার পরিদর্শন | পরিদর্শনকৃত | পরিচালক (প্রয়োগ ও প্রতিপালন) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | পরিদর্শনের প্রতিবেদন |
| ২৩ | মোবাইল কোর্ট পরিচালনা | পরিচালিত মোবাইল কোর্ট | পরিচালক (প্রয়োগ ও প্রতিপালন) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | মোবাইল কোর্ট এর প্রতিবেদন |

## সংযোজনী ৩:
## অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ''নিরাপদ খাদ্য আইন, ২০১৩'' এর সংশোধনী প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরণ | প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরিত | খাদ্য মন্ত্রণালয় | কমিটির সভা এবং পত্রের মাধ্যমে যোগাযোগ |
| সাংগঠনিক কাঠামো পুনর্গঠনের প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরণ | প্রস্তাবনা প্রেরিত | খাদ্য মন্ত্রণালয় | কমিটির সভা এবং পত্রের মাধ্যমে যোগাযোগ |
| খাদ্যের নমুনা পরীক্ষা | নমুনা পরীক্ষার সংখ্যা | স্বাস্থ্য অধিদপ্তর | পত্রের মাধ্যমে যোগাযোগ |
| খাদ্যের নমুনা পরীক্ষা | নমুনা পরীক্ষার সংখ্যা | ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি করপোরেশন | পত্রের মাধ্যমে যোগাযোগ |
| নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে সচেতনতামূলক সেমিনার/ আলোচনা সভা | সেমিনার/ আলোচনা সভা অনুষ্ঠিত | জেলা এবং উপজেলা নির্বাহী অফিসসমূহ | সভা এবং পত্রের মাধ্যমে যোগাযোগ |
| আন্তঃসংস্থা সমন্বয় | স্বাক্ষরিত সমঝোতা স্মারক | খাদ্য নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহ | সভা এবং পত্রের মাধ্যমে যোগাযোগ |